



“শেখ হাসিনার উপহার
ইলেকট্রনিক টেন্ডার”

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৯.২১-০০৪

তারিখঃ ১৭/০১/২০২৩ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণ (Post Procurement Review) কার্যক্রম সম্পাদন।

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ ২০০৬) এর ধারা ২৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ৪৫-৪৬ এ সরকারি ক্রয় আইন ও বিধিমালা অনুযায়ী ক্রয় কার্যক্রম প্রক্রিয়া করা হয়েছে কী না উক্ত বিষয়ে ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণ (Post Procurement Review) কার্যক্রম সম্পাদনের নির্দেশনা রয়েছে।

০২। উপর্যুক্ত বিষয়ে পিপিআর ২০০৮ এর বিধি ৪৬(১) অনুযায়ী কোন অর্থ বছরে কোন ক্রয়কারী কর্তৃক ১০.০০ (দশ) কোটি টাকার উর্ধ্বে ক্রয় কাজ সম্পাদিত হলে সংশ্লিষ্ট ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) কর্তৃক নিরপেক্ষ পরামর্শক দ্বারা এরূপ ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণের বিধান রয়েছে। উক্ত বিধির (বিধি ৪৬) অন্যান্য উপ-বিধিতে এ সংক্রান্ত কাজ বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট নির্দেশনা রয়েছে। এ ছাড়া বিধি ৪৬(৫)-এ ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণ কাজে সিপিটিইউ কর্তৃক প্রণীত কার্যপ্রণালী অনুসরণের বিষয়টি উল্লেখ রয়েছে।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে ক্রয় প্রক্রিয়া উত্তর-পুনরীক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সিপিটিইউ কর্তৃক ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণ কার্যপ্রণালী জারি করা হয়েছে। কার্যপ্রণালীটি সিপিটিইউ'র ওয়েবসাইটে (www.cptu.gov.bd) Policy and Procedure লিংকে প্রকাশ করা হয়েছে।

০৪। সরকারি তহবিলের দ্বারা পণ্য, কার্য ও সেবা ক্রয়ে সরকারি ক্রয় আইন ও বিধির যথাযথ প্রয়োগ, অর্থের সর্বোত্তম ব্যবহার, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং সরকারি ক্রয়ে দক্ষতা, কার্যকারিতা এবং মিতব্যয়িতা নিশ্চিতকল্পে যে সকল ক্রয়কারী বিগত অর্থ বছরে (২০২১-২০২২) ন্যূনতম ১০.০০ (দশ) কোটি টাকার উর্ধ্বে ক্রয় কাজ সম্পাদন করেছে সে সকল ক্রয়কারী সংস্থা প্রধানকে নিরপেক্ষ পরামর্শক দ্বারা ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভবিষ্যতেও একই কার্যক্রম অর্থবছরভিত্তিক অব্যাহত রাখার জন্যও ক্রয়কারী কার্যালয় প্রধানগণকে অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন সহযোগিতার প্রয়োজন হলে সিপিটিইউতে (ফোনঃ ৪৮১১৯৩৯৮, ৪৮১১৯৪০০-০১, ই-মেইলঃ info@cptu.gov.bd) যোগাযোগ করা যেতে পারে।

১৭.১.২০২৩

(মোঃ শোহেলের রহমান চৌধুরী)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৯১৪৪২৫২-৩

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব, (তঁার মন্ত্রণালয়/বিভাগের অধীন সকল ক্রয়কারী সংস্থাসমূহকে অবহিত করার বিনীত অনুরোধসহ)
..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সী)
.....

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অফিস কপি।